মুজিবনগরে কমিউনিটি পুলিশিং ডে পালিত

“পুলিশই জনতা,জনতাই পুলিশ” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে মুজিবনগরে করোনা সচেতনতায় মাস্ক বিতরন,র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে পালিত হয়েছে কমিউনিটি পুলিশিং ডে।

শনিবার বিকালে র্যালীটি মুজিবনগর থানা চত্বর থেকে শুরু করে উপজেলা পরিষদ চত্বরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে পুনরায় থানা চত্বরে এসে শেষ হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ, অনুষ্ঠানের সভাপতি আব্দুল হাশেমের নেতৃত্বে উক্ত র্যালীতে এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন,মুজিবনগর থানার পুলিশ পরিদর্শক(তদন্ত) শরিফুল ইসলাম,বাগোয়ান ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মজিবর রহমান মধু,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মুস্তাকিম হক খোকন কমান্ডার,মুজিবনগর উপজেলা যুবমহিলালীগের সভাপতি তোকলিমা খাতুনসহ উপজেলা, ইউনিয়ন আওয়ামীলীগের নেতৃবৃন্দ ও মুজিবনগর থানার পুলিশ সদস্যরা অংশ নেন।

পরে মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি কামরুল হাসান চাদুর সন্চালনায় থানা চত্বরে কমিউনিটি পুলিশিং ডে ২০২০ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম

সেমিফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম সেমিফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৪-২ গোলে চাঁদপুর একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির দুইটি ১২ নং জার্সি পরিহিত শাকিল ২টি গোল করেন। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

পরাজিত চাঁদপুর একাদশের ১০ নং জার্সি পরিহিত বিদেশী খেলোয়াড় জুলু ১টি এবং ১১ নং জার্সি পরিহিত খেলোয়াড় নাঈম ১টি গোল পরিশোধ করেন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ-সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ম-সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

মুজিবনগরে প্রতিমা বিসর্জন

করোনা সচেতনতায় সামাজিক দূরুত্ব বজায় রেখে মুজিবনগরে ৬ টি পূজা মণ্ডপের প্রতিমা বিসর্জনের মাধ্যমে শেষ হয়েছে হিন্দু

ধর্মাবলম্বীদের প্রধান ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা।

সোমবার বিকেল থেকে মুজিবনগর উপজেলার মহাজনপুর, কোমরপুর, মোনাখালী, দারিয়াপুর-খাঁনপুর, রতনপুর ও বল্লভপুর পূজা মণ্ডপের প্রতিমা ◌্ন ভৈরব নদীতে বিসর্জন দেয়া হয়।

এদিকে বিকেল থেকে সাজ সাজ রবে দেবীর অভয়বাণী ধারন করে পায়ে হেটে, রিক্সায় চড়ে নেচে-গেয়ে এগিয়ে চলতে থাকে দুর্গা পূজার শোভাযাত্রা। ট্রাকে অথবা ভ্যানে পথে পথে শত শত মানুষের সাধুবাদ ও কড়া পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে দেবী দুর্গাকে নিয়ে যাওয়া হয় বিসর্জন স্থলে। যেখানে প্রতিমা বিসর্জন দেওয়া হয়, উচ্ছ্বাসের মাত্রা আরও তীব্রতর হয় সেখানেও।

উচ্ছ্বাস দেখতে সে স্থানগুলোতে নামে হাজারো মানুষের ঢল। পর্যায়ক্রমে ঘাটে প্রতিমা নামানোর সময় ঘণ্টা, উলুধ্বনি ও ঢাক-ঢোলের আনন্দ-উল্লাসে বিসর্জন স্থল পায় ভিন্ন মাত্রা। প্রতিমা বিসর্জন দিয়ে ফিরে আসার দৃশ্য শোকাবহ আর প্রতিমা বিসর্জন দিতে যাওয়ার সময় উল্লাসের চিত্রই যেন পাল্টে যায় ক্ষণিকের মধ্যে।

আনন্দ-উল্লাসের এ সন্ধিক্ষণে দাঁড়িয়ে উপস্থিত দর্শনার্থীদের কড়ানাড়ে এক অন্য চিন্তা। অন্যের বিশ্বাসের প্রতি গভীর শ্রদ্ধাবোধ। শান্তিপূর্ণ পরিবেশে দেবীকে বিসর্জন দিতে পেরে খুশি হিন্দু সম্প্রদায়ের মানুষ।

মুজিবনগরে বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শনে জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীন

শারদীয় দূর্গাপূজার মহা নবমীতে মুজিবনগর উপজেলার বিভিন্ন পূজা মণ্ডপ পরিদর্শন করেছেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দিন।

রবিবার বিকালে বাগোয়ান ইউনিয়ন এর শ্রী রতনপুর গ্রামের দাসপাড়া

পূজামণ্ডপ ও সন্ধ্যায় বল্লভপুর দাসপাড়া পূজামণ্ডপ পরিদর্শন করেন তিনি।

এসময় মন্দিরের বিভিন্ন উন্নয়নমূলক কাজের জন্য জেলা পরিষদ কর্তৃক বরাদ্দকৃত এক লক্ষ করে দুইটা মন্দিরে দুই লক্ষ টাকা বরাদ্দ ঘোষণা করেন।

এ সময় আরো উপস্থিত ছিলেন বল্লভপুর পূজা মণ্ডপের সভাপতি দয়াল দাস ও সাধারণ সম্পাদক হৃদয় দাস।

২৬ মার্চ চালু হচ্ছে মুজিবনগর চেকপোস্ট!

স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে নিয়মিতভাবে চালু হচ্ছে মুজিবনগর-কলকাতা স্বাধীনতা সড়ক। স্থাপন করা হচ্ছে ইমিগ্রেশন চেকপোস্ট, যা আগামী ২৬ মার্চ যৌথভাবে অনলাইনে উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সূত্র: বাংলাদেশ প্রতিদিন।

ফলে মেহেরপুরবাসীর দীর্ঘদিনের দাবি স্থলবন্দরের। সেস্থলে চেকপোস্ট হলেও প্রাথমিক ধাপ এগিয়ে যাবে মেহেরপুর। এর ফলে ওই এলাকাজুড়ে সৃস্টি হবে কর্মচাঞ্চল্য, বাড়বে কর্মসংস্থান। দুই দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক বৃদ্ধির সাথে সাথে ঐতিহাসিক মুজিবনগরের গুরত্ব আরো বেড়ে যাবে পর্যটকদের কাছে।

এ উদ্যোগের কথা জানিয়ে সংশ্লিষ্ট সরকারি দফতরগুলোতে চিঠি দিয়েছে পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়। এ প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেন, ‘‘আমাদের স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে ‘মুজিবনগর-কলকাতা স্বাধীনতা সড়ক’ নিয়মিতভাবে চালু এবং ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপন করতে চাই।

আগামী ২৬ মার্চ স্বাধীনতা দিবসে আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যৌথভাবে এ সড়ক ও

ইমিগ্রেশন চেকপোস্ট উদ্বোধন করবেন। এ জন্য ইতিমধ্যে ভারতীয় প্রধানমন্ত্রীকে আমন্ত্রণ জানানো হয়েছে। আমাদের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে সড়কটি খুলবে। ফলে অনেক পর্যটকও আসবেন ঐতিহাসিক এই দর্শনীয় স্থান নিয়মিত পরিদর্শনে।’’ জানা গেছে, সড়কটি চালু ও ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপন করতে স্বরাষ্ট্র ও জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। পত্রের আলোকে ইতিমধ্যে সংশ্লিষ্টদের করণীয় নির্ধারণে সরকারি দফতরগুলোতে পৃথক চিঠি দিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের যুগ্ম-সচিব এ এস এম জাকির হোসেন বলেন, পররাষ্ট্রমন্ত্রীর পত্রের আলোকে সংশ্লিষ্ট অংশীজনদের মতামত চাওয়া হয়েছে। তাদের মতামতের ভিত্তিতে সবকিছু চূড়ান্ত করা হবে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সহকারী সচিব কাইজার মোহাম্মদ ফারাবী বলেন, মুজিবনগর-কলকাতা স্বাধীনতা সড়ক চালুর নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সরকারের সংশ্লিষ্ট দফতরগুলোকে অবহিত করা হয়েছে। এর আগে স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে ‘স্বাধীনতা সড়ক’ (মুজিবনগর-কলকাতা) নিয়মিতভাবে চালু করা এবং ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপন করতে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালকে ১০ আগস্ট পত্র দেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন। তার স্বাক্ষরিত পত্রের অনুলিপি দেওয়া হয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে।

পত্রে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ‘আমি ৮ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ, টুঙ্গিপাড়া কমপ্লেক্স এবং আমাদের স্বাধীনতা ইতিহাসের গুরুত্বপূর্ণ স্থাপনা মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স দর্শন করি। বিশ্বের মুষ্টিমেয় কয়েকটি জাতি আছে, যারা নির্বাচিত জনপ্রতিনিধিদের নিয়ে সরকার গঠন করে স্বাধীনতাযুদ্ধে বিজয়ী হয়। এর মধ্যে বাংলাদেশ অন্যতম। ১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগরে সরকার গঠন করে আমরা পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিলাম। এ কারণে বিশ্ব জনমত আমাদের পক্ষে আনা সহজতর হয়েছিল।’ পত্রে আরও বলা হয়, ‘১৯৭১ সালের ১৭ এপ্রিল কলকাতা থেকে আমাদের জাতীয় নেতা, দেশি-বিদেশি সাংবাদিকরা মুজিবনগরে আগমন ও শপথ গ্রহণ করেছিলেন।

যে পথে তারা এসেছিলেন, তা এখন বন্ধ রয়েছে। আগামী বছর ২০২১ সালে

স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে আমরা বৃহত্তর পরিসরে সুবর্ণজয়ন্তী উদ্◌্যাপন করব। এ উপলক্ষে কলকাতা থেকে মুজিবনগরে যাতায়াতের এই ঐতিহাসিক সড়কটি চালু করা হলে আমাদের ইতিহাস-সমৃদ্ধ ঐতিহাসিক মুজিবনগর আরও সমৃদ্ধ হবে। পাশাপাশি মুজিবনগরে স্থায়ীভাবে ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপন করলে সড়কটি নিয়মিতভাবে সচল থাকবে। বাংলাদেশ ও ভারতের বাসিন্দাদের যাতায়াতে সুবিধা হবে এবং পর্যটক সংখ্যা বাড়বে।’ এ অবস্থায় স্বাধীনতার ৫০ বছর উপলক্ষে স্বাধীনতা সড়ক (মুজিবনগর-কলকাতা) নিয়মিতভাবে চালু রাখা এবং ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্রমন্ত্রীকে বিশেষভাবে অনুরোধ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন।

এ বিষয়ে মেহেরপুর স্থল বন্দর বাস্তবায়ন আন্দোলনের ফোরামের মুখপাত্র ও মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক জানান, মেহেরপুরবাসী স্থল বন্দর বাস্তবায়নের জন্য দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। আন্দোলনের অংশ হিসেবে মানববন্ধন, আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচী পালন করা হয়েছে। আমরা মনে করি সেই আন্দোলনের অংশ হিসেবে আমাদের প্রাথমিক বিজয় হচ্ছে। আমরা মেহেরপুরবাসীর পক্ষ থেকে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনকে কৃতজ্ঞতাসহ ধন্যাবাদ জানাই।

এম এ এস ইমন আরো বলেন, আমরা যখন স্থলবন্দর আন্দোলন শুরু করি মেহেরপুরের মানুষ জানতো না বন্দর কি। তারা বলতো এখানে তো পানি নেই তো বন্দর কিভাবে হবে। ধিরে ধিরে মানুষকে বুঝিয়ে আন্দোলনের সাথে সম্পৃক্ত করতে পেরেছিলাম।

রামনগর ফুটবল টুর্নামেন্টে নাজিরাকোনা নবীন ক্লাব জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৪র্থ কোয়াটার ফাইনালে নাজিরাকোনা নবীন ক্লাব ১-০

গোলে জয়লাভ করেছে।

সোমবার বিকেলে অনুষ্ঠিত খেলায় নাজিরাকোনা নবীন ক্লাব ১-০ গোলে ফারুক লাইব্রেরী এন্ড বল্লভপুর মর্নিং ক্লাবকে পরাজিত করে। নাজিরাকোনা একাদশের ১২ নং পরিহিত জার্সি খেলওয়ার গোলটি করেন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লাসহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন সহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন খেলাটি পরিচালনা করেন সোহেল, সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ৩য় কোয়ার্টার ফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ৩য় কোয়ার্টার ফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

রবিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৩-০ গোলে গাড়াডোব একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ৭ নং জার্সি পরিহিত দলীয় অধিনায়ক পেনাল্টিতে একটি, ৯ নং জার্সি পরিহিত রিজন একটি, ১০নং জার্সী পরিহিত সাব্বির ১টি গোল করেন। রামনগর একাদশের মিডফিল্ডার তাইবুর ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থি থেকে খেলাটি উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ- সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থি ছিলেন। খেলাটি পরিচালনা করেন রেফারি সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

আগামী কাল সোমবার ফারুক লাইব্রেরী এন্ড বল্লভপুর মর্নিং একাদশ বনাম নাজিরাকোনা একাদশ মুখোমুখী হবে।

মুজিবনগরে বিট পুলিশিং এর মত বিনিময় সভা

“বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি, আপনার পুলিশ আপনার পাশে, তথ্য দিন সেবা নিন, এই স্লোগানকে সামনে রেখে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ভবেরপাড়া বিট পুলিশিং কার্যালয়ে মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, ধর্ষণ, নারী ও শিশু নির্যাতন ইভটিজিংসহ সামাজিক অপরাধ প্রতিরোধ ও নিবারণকল্পে মতবিনিময় সভা করা হয়েছে।

শনিবার বেলা এগারোটার দিকে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া ৫নং বিট পুলিশিং কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ভবেরপাড়া বিট পুলিশিং কার্যালয়ের মতবিনিময় সভায় ৫ নং ভবেরপাড়া বিট পুলিশিং কার্যালয়ের ইনচার্জ এস আই মোমিনুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম বলেন, মুজিবনগর উপজেলার ৪ টি ইউনিয়ন নিয়ে মুজিবনগর থানা গঠিত হয়।

এই থানার অনেক গ্রাম, থানা থেকে দূরে অবস্থিত হওয়ায় সাধারণ জনগণকে যে কোন ধরনের সেবা নিতে কষ্ট করে থানায় আসতে হয়। আর যেন কাউকে থানায় যেতে না হয় তাই সকলের দোর গোড়ায় পুলিশি সেবা পৌঁছে দিতে মেহেরপুর জেলার পুলিশ সুপার এস এম মুরাদ আলী এর নির্দেশে এবং সার্বিক তত্বাবধায়নে উপজেলার প্রতিটি ইউনিয়নে বিট পুলিশিং এর কার্যালয় চালু করা হয়েছে। আপনারা যে কোন ধরনের ছোট খাটো সমস্যা এই বিট পুলিশিং এর কার্যলয় থেকে সমাধান করতে পারবেন।

তিনি আরো বলেন, প্রত্যেকটি বিটে এক জন এসআই, একজন এএসআই এবং দুজন কনষ্টেবল আপনাদের সেবাই নিয়জিত থাকবে। এর আগে অনুষ্ঠানের প্রধান অতিথি মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল হাশেম অনুষ্ঠানে উপস্থিত সুধিমন্ডলি ও সাধারণ জনগণের মধ্যে করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক ও লিফলেট বিতরণ করেন।

অনুষ্ঠানে এড: সিরাজুল ইসলামের সঞ্চালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও কেদারগঞ্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক, বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য সোহরাব উদ্দীন, দিলিপ মল্লিক, মহিলা সদস্য নার্গীস খাতুন সহ এলাকার সাধারণ জনগণ এবং উল্লেযোগ্য মহিলা বৃন্দ। উল্যেখ্য,একই দিনে মুজিবনগর উপজেলার চার ইউনিয়েনে মোট ৫ টি বিট পুলিশিং কার্যালয়ে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ২য় কোয়ার্টার ফাইনালে চাঁদপুর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ২য় কোয়ার্টার ফাইনাল খেলায় চাঁদপুর একাদশ জয়লাভ করেছে।

গতকাল শনিবার বিকেলে অনুষ্ঠিত খেলায় চাঁদপুর একাদশ ১-০ গোলে ভবানন্দপুর একাদশকে পরাজিত করে। চাঁদপুর একাদশের ১০ নং জার্সি পরিহিত দলীয় অধিনায়ক সেলিম এক মাত্র গোলটি করে ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লাসহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি, যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন রেফারি সোহেল। সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির। আজ রবিবার রামনগর একাদশ বনাম গাড়াডোব একাদশ মুখোমুখী হবে।

মুজিবনগরে বিএনপির করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক বিতরণ

মুজিবনগর উপজেলার কেদারগন্জ বাজারে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও মেহেরপুর ১ আসনের সাবেক এমপি মাসুদ অরুনের নির্দেশে করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণ মানুষকে সচেতন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার বিকেলে কেদারগন্জ বাজারের হাট প্রাঙ্গনে জেলা বিএনপি এর সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ এর নেতৃত্বে সাধারণ মানুষের মাঝে এ সকল মাস্ক বিতরণ করা হয়।

এ সময় উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান,সদস্য সচিব আনোয়ারুল ইসলাম,যুবনেতা আরিফ, আজাদ আলী,

মোনাখালি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপার্থী আজিমুদ্দীন গাজী,সহ মুজিবনগর উপজেলা বিএনপি এর নেতৃবৃন্দ।